

DURGA PUJA

NIRGHANTA

2022 IN

BENGALI PDF

Durga Puja Nirghanta 2022 in Bengali PDF

২০২২ সালে দেবী দুর্গার আগমন হবে গজে । শান্ত্রে বলা হয়েছে, দেবী দুর্গার গজে আগমনের ফলে চারিদিকে শস্যের উৎপাদন বাড়ে । সুখ, সমৃদ্ধি হয় । অন্যদিকে, এবার দেবীর গমন হবে নৌকায় । যার ফল খুব একটা শুভ নয়। বন্যার আশঙ্কা থাকে ।

মহালয়া (Mahalaya)

পিতৃপক্ষের শেষ, দেবীপক্ষের শুরু । ভোরবেলা রেডিওতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের কণ্ঠে মহিষাসুরমর্দিনীর রীতি রয়েছে আজও । অনেকে আবার টিভিতে বিভিন্ন চ্যানেলে দেখেন মহালয়ার প্রোগ্রাম । এদিন, ভোরবেলা ঘাটে ঘাটে পিতৃপুরুষদের উদ্দেশে তর্পণ করবে বাঙালি । এবছরের মহালয়া পড়েছে রবিবার ২৫ সেপ্টেম্বর ।

পঞ্চমী-ষষ্ঠী (Panchami-Sasthi)

এবছর পঞ্চমী পড়েছে ১৩ আশ্বিন, ৩০ সেপ্টেম্বর । দিনটা শুক্রবার । ষষ্ঠী পড়েছে ১ অক্টোবর, শনিবার (১৪ আশ্বিন) । এদিন, মায়ের বোধন , আমন্ত্রণ, চক্ষুদান ।

সপ্তমী (Saptami)

মূল পূজা শুরু সপ্তমী থেকেই । শাস্ত্রমতে বলা হয় সপ্তমীতে দেবী দুর্গার আগমন এবং দশমীতে গমন হয় । এবছর সপ্তমী পড়েছে ২ অক্টোবর (১৫ আশ্বিন) । সপ্তমীতেই হয় নবপত্রিকার স্নান ।

অষ্টমী (Ashtami)

অষ্টমী হল ১৬ আশ্বিন, ৩ অক্টোবর । এদিন, সকালে হল কুমারী পূজা । বিকেলে সন্ধিপূজা ।

নবমী (Nabami)

'ওরে নবমী নিশি না হইও রে অবসান'... নবমী আসা মানেই বাঙালির মন খারাপের শুরু । পরের দিনই মা চলে যাবেন কৈলাশে । আবারও এক বছরের অপেক্ষা । এবার নবমী পড়েছে ১৭ আশ্বিন, ৪ অক্টোবর ।

দশমী (Dashami)

বিজয়া দশমী পড়েছে ৫ অক্টোবর, বুধবার (১৮ আশ্বিন)। অর্থাৎ মায়ের গমন বুধবার হবে। বনেদি বাড়িগুলিতে দশমীর দিনই মা দুর্গার বিসর্জন হয়। সিদুর খেলায় মেতে ওঠে বাড়ির মেয়ে-বউরা। চোখে জল নিয়ে চলে মিষ্টিমুখ, কোলাকুলি, বড়দের প্রণাম ও ছোটদের বিজয়ার শুভেচ্ছা। সেইসঙ্গে, পরের বছরের জন্য শুরু হয় দিনগোনা।

আসুন এবার জেনে নেই ২০২২ এর দুর্গা পূজার (Durga Puja) নির্ঘন্ট।

⇒ মহালয়া

- **তারিখ** – ২৫ সেপ্টেম্বর রবিবার, বাংলা ৮ ই আশ্বিন।
- **সময়** – ২ টা ৫৫ মিনিট ৫৬ সেকেন্ড থেকে পরের দিন রাত্রি ৩ টা ২৪ মিনিট ৩৪ সেকেন্ড পর্যন্ত অমাবস্যা থাকবে। এই সময়কালেই মহালয়ার তর্পণপূর্ণ অনুষ্ঠিত হবে।

⇒ মহাপঞ্চমী

শুক্রবার ৩০ সেপ্টেম্বর ২০২২, বাংলা ১৩ ই আশ্বিন।

⇒ মহাষষ্ঠী

- **তারিখ** – শনিবার ১ অক্টোবর ২০২২, বাংলা ১৪ ই আশ্বিন।
- **সময়** – ৮ টা ৩৫ মিনিট ৫০ সেকেন্ড পর্যন্ত।

⇒ মহাসপ্তমী

- **তারিখ** – রবিবার ২ অক্টোবর, বাংলা ১৫ ই আশ্বিন।
- **সময়** – রাত্রি ৬ টা ২১ মিনিট ৪২ সেকেন্ড পর্যন্ত।

⇒ মহাঅষ্টমী

- **তারিখ** – সোমবার ৩ অক্টোবর ২০২২, বাংলা ১৬ ই আশ্বিন।
- **সময়** – দিন ৩ টা ৫৯ মিনিট ১৮ সেকেন্ড পর্যন্ত।

সন্ধিপূজা: দিন ৩ টা ৩৫ মিনিট ১৮ সেকেন্ড থেকে দিন ৪ টা ২৩ মিনিট ১৮ সেকেন্ড পর্যন্ত ।

⇒ **মহানবমী**

- **তারিখ** – ৪ অক্টোবর ২০২২, বাংলা ১৭ ই আশ্বিন।
- **সময়** – দিন ৩ টা ৫৯ মিনিট ১৮ সেকেন্ড পর্যন্ত ।

⇒ **মহাদশমী**

- **তারিখ** – বুধবার ৫ অক্টোবর, বাংলা ১৮ ই আশ্বিন।
- **সময়** – দিন ১১ টা ১০ মিনিট ৭ সেকেন্ড পর্যন্ত ।

2022 সালের দুর্গা পূজার সময় সূচি

Name of Event	Day	Date of Event
মহা পঞ্চমী	শুক্রবার	৩০ সেপ্টেম্বর, ২০২২
মহা ষষ্ঠী	শনিবার	১ অক্টোবর, ২০২২
মহা সপ্তমী	রবিবার	২ অক্টোবর, ২০২২
মহা অষ্টমী	সোমবার	৩ অক্টোবর, ২০২২
মহা নবমী	মঙ্গলবার	৪ অক্টোবর, ২০২২
বিজয়া দশমী	বুধবার	৫ অক্টোবর, ২০২২



Hi! We're PDFSeva. A dedicated portal where one can download any kind of PDF files for free, **with just a single click.**

[PDFSeva.com](https://www.pdfseva.com)